

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫৯৩

আমবাসা,৮ নভেম্বর,২০২৩

এমজিএন রেগায় আমবাসা ব্লকে ৫,৪৫,৬১০ শ্রমদিবস সৃষ্টি

এমজিএন রেগায় ধলাই জেলার আমবাসা ব্লকে এখন পর্যন্ত ৫ লক্ষ ৪৫ হাজার ৬১০ শ্রমদিবস সৃষ্টি হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ১১ কোটি ৫৬ লক্ষ ৬৯ হাজার টাকা। তাছাড়া জেলার গঙ্গানগর ব্লকে এমজিএন রেগায় চলতি অর্থবছরে এখন পর্যন্ত ২ লক্ষ ২৯ হাজার ৬১৮ শ্রমদিবসের কাজ হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ৪ কোটি ৮৬ লক্ষ ৭৯ হাজার টাকা। আমবাসা ব্লকে গড়ে ৬২.৮৪ ও গঙ্গানগর ব্লকে গড়ে ৭১.৮০ শ্রমদিবসের কাজ হয়েছে। এই কর্মসূচিতে কর্মসংস্থানের পাশাপাশি ব্লক এলাকায় স্থায়ী সম্পদ সৃষ্টি করা হয়েছে।
